বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২০১

তারিখ: ২২ আষাঢ় ১৪২৭
০৬ জুলাই ২০২০

**বিষয় : জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ ও ৯০ যশোর-৬ নির্বাচনি এলাকার শূন্য আসনের স্থগিত নির্বাচন অনুষ্ঠান**

(১) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-১৭৫ তারিখ: ২১ মার্চ ২০২০
(২) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-৯১ তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ এবং ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন ২১ মার্চ ২০২০ তারিখে স্থগিত করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) এর শর্তানুসারে জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ শূন্য আসনের নির্বাচন ১৫ জুলাই ২০২০ তারিখের মধ্যে এবং ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন ১৮ জুলাই ২০২০ তারিখে মধ্যে অনুষ্ঠানের সাংবিধানিক বাধ্যবাধকতা থাকায় ১৪ জুলাই ২০২০ তারিখ ভোটগ্রহণের দিন নির্ধারণ করে যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে কার্যক্রম শুরু করে নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। সকাল ৯.০০ মি: হতে বিকাল ৫.০০ মি পর্যন্ত বিরতিহীনভবে ভোটগ্রহণের মাধ্যমে উল্লিখিত শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনা ছাড়াও বিদ্যমান করোনা সংক্রমণ পরিস্থিতিতে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য সিদ্ধান্ত প্রদান করা হয়েছে:

(ক) নির্বাচনি প্রচারনার ক্ষেত্রে সভা, সমাবেশ, জমায়েত ইত্যাদি পরিহার করা। এগুলোর বিকল্প হিসেবে আইনানুগ ও বিধিসম্মত উপায়ে স্বাস্থ্য বিধি মেনে ব্যক্তিগত যোগাযোগ, ইলেকট্রনিক বা অনুরূপ মাধ্যমে অথবা অন্য কোন পন্থা বা পদ্ধতিতে নির্বাচনি প্রচারণা করার জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে নির্দেশনা প্রদান;

(খ) করোনা সংক্রমন রোধে সরকারি আদেশ ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন করে স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক জনস্বাস্থ্য ও জনস্বার্থ বিবেচনায় নির্বাচনি প্রচার প্রচারণা ও অনুরুপ কার্যক্রম গ্রহণে সকলের সহযোগিতা কামনা করে স্থানীয়ভাবে প্রচারের ব্যবস্থা করা;

(গ) নির্বাচনি দ্রব্যাদি ভোটকেন্দ্রে প্রেরণের জন্য অধিক সংখ্যক বিতরণ কেন্দ্র স্থাপন করা এবং নিরাপদ দূরত্ব বজায় রেখে মালামাল বিতরণ করা;

(ঘ) ভোটকেন্দ্র হতে প্রেরিত সহকারী রিটার্নিং অফিসারের নিকট ফলাফল গ্রহণে একাধিক বুথ/স্থান স্থাপন করা এবং ভোটগ্রহণ কর্মকর্তা ও ফলাফল গ্রহণে দায়িত্ব পালনকারীদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখা;

(ঙ) ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেলে ১০% অতিরিক্ত কর্মকর্তা/কর্মচারির নাম অর্ন্তভুক্ত করা;

(চ) প্রশিক্ষণের পরিবর্তে ম্যানুয়ালে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে ভোটগ্রহণ ও প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণের জন্য ভোটগ্রহণ কর্মকর্তাদের নির্দেশ দেয়া;

(ছ) ভোটগ্রহণের দিন ভোরে ভোটকেন্দ্রে ব্যালট পেপার পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(জ) ভোটকক্ষে সহকারী প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার ও পোলিং এজেন্টদের স্বাস্থ্য বিধি মেনে বসার ব্যবস্থা করা;

(ঝ) সামাজিক দুরুত্ব বজায় রেখে ভোটকেন্দ্রের সামনে ভোটারদের লাইনে দাড়ানোর ব্যবস্থা করা;

(ঞ) আইন ও বিধি এবং ইতঃপূর্বে জারীকৃত নির্দেশনার সাথে সংগতি রেখে অক্ষম, অসুস্থ ও অধিক বয়সী ভোটারদের সাবলিলভাবে ভোটপ্রদানের সুযোগ করে দেয়া; এবং

(ট) করোনা সংক্রমণ রোধে সরকারী আদেশ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে জারিকৃত নির্দেশনা অনুযায়ী ভোটকেন্দ্র ব্যবস্থাপনা, ভোটগ্রহণ ও নির্বাচনের অন্যান্য কার্যাবলী সম্পন্ন করা।



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৩। উল্লিখিত নির্দেশনা ছাড়াও ইতঃপূর্বে জারীকৃত পরিপত্র ও নির্দেশনার আলোকে বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

০৬/০৭/২০২০

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sas_emc1@gmail.com

১। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া
ও
রিটার্নিং অফিসার, জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ শূন্য আসনের নির্বাচন

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, যশোর
ও
রিটার্নিং অফিসার, জাতীয় সংসদের ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২০১

তারিখ: ২২ আষাঢ় ১৪২৭ / ০৬ জুলাই ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব/ সচিব ...................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, .............................................(সংশ্লিষ্ট)
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ..........................(সংশ্লিষ্ট) রেঞ্জ
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ উল্লিখিত বিষয়ে সংবাদ বিজ্ঞপ্তি জারি এবং এ আলোকে প্রচার সামগ্রী প্রস্তুত করে বিজ্ঞাপন প্রদান ও রিটার্নিং অফিসারের মাধ্যমে প্রচারের ব্যবস্থাপ করার অনুরোধসহ]
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, বগুড়া/যশোর
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................................(সংশ্লিষ্ট)
১৬. পুলিশ সুপার, ....................................................(সংশ্লিষ্ট)
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বগুড়া/যশোর
১৯. উপজেলা নির্বাহী অফিসার, .........................................(সংশ্লিষ্ট)
২০. জেলা তথ্য অফিসার, বগুড়া/যশোর
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................, এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ...............................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. অফিসার-ইন-চার্জ, ................................... (সংশ্লিষ্ট) থানা।

06/07/2020

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় ০১ শাখা